রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জানুয়ারি ৭, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ ডিসেম্বর ২০১৪ খ্রিঃ

নং **৪৬.০৬৪.০২৮.৪৬.০৯.১৪৪.২০১১/১৪২৪**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৩ ও ১৬ ধারার বিধানানুসারে সীমানা নির্ধারণ কর্মকর্তা কর্তৃক চূড়ান্তকৃত তফসিল অনুসারে পটুয়াখালী জেলার কুয়াকাটা পৌরসভার নির্বাচনের লক্ষ্যে সাধারণ ওয়ার্ডের সীমানা নির্ধারণ করে সরকার আদেশ জারী করলঃ



**মূল্য ঃ** টাকা ৮.০০

## পৌরসভার সাধারণ ওয়ার্ড বিভক্তিকরণ (তফসিল)

জেলার নামঃ পটুয়াখালী।

উপজেলার নামঃ কলাপাড়া

পৌরসভার নামঃ কুয়াকাটা পৌরসভা।

| সাধারণ ওয়ার্ড নং | সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে এল নম্বর (পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে, আংশিক মৌজার ক্ষেত্রে দাগ নম্বরসমূহ) | সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ডভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার নাম | সাধারণ ওয়ার্ডের সীমান/চৌহদ্দি (উত্তরে, দক্ষিণে, পূর্বে, পশ্চিমের শেষ প্রান্তস্থিত রোড, গলি, মহল্লা খাল ইত্যাদির বর্ণনা)। |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ৩৪ নং লতাচাপলী মৌজা,<br>দাগ নম্বরসমূহঃ ৩৫১৯-৩৫৪৮, ৩৮২০-৩৯০০, ৩৯০১-৩৯৯৪, ৪১৩৫-৪১৬০, ৪৬০১-৪৬৫৭ পর্যন্ত সম্পূর্ণ। | দক্ষিণ খাজুরা,<br>মংথয়পাড়া,<br>শরীফপুরের অংশ | **উত্তরেঃ** রজ্জব আলী মুসুল্লীর বাড়ি সংলগ্ন স্বনির্ভর খালের কালভার্ট হয়ে খালে খালে রুস্তম আলীর বাড়ির উত্তর পাশ দিয়া মংথয়পাড়া ছোট খাস পুকুরের উত্তর পাশ দিয়ে খাজুরা খাল পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** মংথয়পাড়া সংলগ্ন দক্ষিণ পার্শ্বে কুয়াকাটা শাখা খালের তিনমুখ হয়ে খালে খালে ওয়াপদা রাস্তা ও বঙ্গোপসাগর পর্যন্ত।<br>**পূর্বেঃ** মংথয়পাড়া সংলগ্ন খাজুরার খাল।<br>**পশ্চিমেঃ** রজ্জব আলী মুসুল্লী বাড়ী সংলগ্ন স্বনির্ভর খালের কালভার্ট হয়ে ব্রিটিশ রেডক্রিসেন্ট ৬০ ঘরের পশ্চিম পাশের রাস্তা দিয়ে ওয়াপদার রাস্তা ও বঙ্গোপসাগর পর্যন্ত। |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ০২ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৪৬৫৮-৪৭০০, ৪৭০১-৪৮০০, ৪৮০১-৪৮৩১ পর্যন্ত সম্পূর্ণ। | পশ্চিম কুয়াকাটা,<br>শরীফপুর | **উত্তরেঃ** হানিফ শরীফ বাড়ি সংলগ্ন দক্ষিণ-পূর্ব পাশ দিয়ে কুয়াকাটা শাখা খালে খালে আলী হোসেন খার বাড়ি সংলগ্ন কালভার্ট পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** বঙ্গোপসাগর।<br>**পূর্বেঃ** মেলাপাড়া আলী হোসেন খার বাড়ির পশ্চিম পার্শ্বের কালভার্ট ও রাস্তা হয়ে সিবলী হ্যাচারীর পশ্চিম পাশ দিয়ে ওয়াপদার রাস্তা ও বঙ্গোপসাগর।<br>**পশ্চিমেঃ** বঙ্গোপসাগর। |
| ০৩ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৫১০১-৫১৩৩, ৫১৫৭-৫২০০, ৫২০১-৫২৪৭, ৫৪৫৬-৫৪৭৮, ৫৫৭৯-৫৫৮৪ পর্যন্ত সম্পূর্ণ। | দক্ষিণ কুয়াকাটা,<br>পুরানপাড়া,<br>পঞ্চায়েত পাড়া | **উত্তরেঃ** খুরমাতলা খালের আকন বাড়ি সংলগ্ন কালভার্ট হতে শাহজাহান মোল্লার বাড়ির উত্তর পাশ দিয়ে খুরমাতলার খাল হয়ে গ্রামীণ টাওয়ার এর উত্তর পাশ দিয়ে কাবিখার রাস্তার দিয়ে কুয়াকাটা গেস্ট হাউজের উত্তর পাশ দিয়ে মহাসড়ক পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** বঙ্গোপসাগর।<br>**পূর্বেঃ** কুয়াকাটা গেস্ট হাউজের উত্তর পাশের কাবিখার রাস্তা সংলগ্ন মহাসড়কের পশ্চিম পাশ দিয়ে দক্ষিণ দিকে বঙ্গোপসাগর পর্যন্ত।<br>**পশ্চিমেঃ** সিবলী হ্যাচারী হতে খুরমাতলা খালের কালভার্ট পর্যন্ত। |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ০৪ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৫১৩৪-৫১৫৬, ৫২৪৮-৫২৫২, ৫৫০০, ৫৫০১-৫৫৫৯, ৫৫৬১-৫৫৭৮, ৫৫৮৫-৫৬০০, ৫৬০১-৫৬০৪ পর্যন্ত সম্পূর্ণ। | মেলাপাড়া, পূর্ব কুয়াকাটা, মুক্তিযোদ্ধা মোহাম্মদ উল্লাহ সড়ক। | **উত্তরেঃ** আলী আলমের বাড়ির সংলগ্ন কুয়াকাটা খাল হয়ে কুয়াকাটা খালের তিনমুখ পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** ৩ নং ওয়ার্ডের উত্তর সীমানা।<br>**পূর্বেঃ** কুয়াকাটা খাল পর্যন্ত।<br>**পশ্চিমেঃ** আলমের বাড়ির রাস্তা হতে খুরমাতলার কালভার্ট পর্যন্ত কাবিখার রাস্তা ও ২ নং ওয়ার্ডের পূর্ব সীমানা। |
| ০৫ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৩১৭২-৩২০০, ৩২০১-৩২৪৬, ৩৬৭১-৩৬৮৬, ৫৪৪০, ৫৪৪১, ৫৬০৫-৫৬৪৫, ৫৬৪৮, ৯৬০৮-৯৬১১ পর্যন্ত সম্পূর্ণ। | কচ্ছপখালী তুলাতলী/ নয়াপাড়ার অংশ | **উত্তরেঃ** মোঃ নুরুজ্জামান মুহুরীর বাড়ির উত্তর পাশ দিয়ে মোঃ সামছুল হক চেয়ারম্যানের বাড়ির পিছনের তুলাতলী খালে খালে মোঃ সুন্দর আলী শেখের বাড়ির পিছন হয়ে মোঃ জেন্নাত আলী আকনের বাড়ির পূর্বে সোতা খালের গোড়া পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** কচ্ছপখালী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন চৌরাস্তার পশ্চিম পাশ দিয়ে হেরিং বনের রাস্তার উত্তর পাশ দিয়ে মন্টুর বাড়ির বাঁধ সংলগ্ন কচ্ছপখালী খালের আলী আকাব্বর ফরাজী বাড়ির পিছন দিক হয়ে খালে খালে মোঃ সুলতান খার বাড়ি পর্যন্ত।<br>**পূর্বেঃ** মোঃ জেন্নাত আলী আকনের বাড়ির সোতা খালের দক্ষিণ দিকে চাঁন মিয়া শরীফের বাড়ির পশ্চিম পাশে হেরিং বনের রাস্তার পূর্ব পাশ হয়ে চৌরাস্তা পর্যন্ত।<br>**পশ্চিমেঃ** মোঃ সুলতান খার বাড়ি হয়ে কুয়াকাটা খালে খালে মোঃ জুলহাস খার বাড়ি হয়ে মোঃ নুরুজ্জামান মহুরীর বাড়ির পিছন পর্যন্ত। |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ০৬ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৫২৫৩-৫৩০০, ৫৩০১-৫৩৩৩, ৫৪৪২-৫৪৫৫, ৫৬৪৬, ৫৬৪৭, ৫৬৪৯-৫৭০০, ৬০১৩, ৬০২২-৬০২৯, ৯৪১৫, ৯৪১৬ পর্যন্ত সম্পূর্ণ। | নবীনপুর, কচ্ছপখালী ও মুসুল্লীয়াবাদ অংশ | **উত্তরেঃ** নবীনপুর মোঃ জয়নালের বাড়ির উত্তর পাশের কচ্ছপখালী খালের গোড়া থেকে আরম্ভ করে খালে খালে আঃ মন্নান ভূইয়ার বাড়ির পিছন দিক হয়ে খালে খালে নুর ইসলাম ফকির বাড়ির পিছন দিয়ে মন্টু মিয়ার বাড়ির হেরিং বনের রাস্তা দিয়ে চৌরাস্তা হয়ে মুসুল্লিয়াবাদের রাস্তা দিয়ে ক্বারী আঃ বারেকের বাড়ি সংলগ্ন কালভার্ট পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** আজিজ আকনের বাড়ির পিছন দিয়ে কুয়াকাটা খালে খালে পান্না মিয়া বাড়ির পিছন দিয়ে খালে খালে আমজেদ খলিফা বাড়ির পিছন দিয়ে খালে খালে হানিফের বাড়ি পর্যন্ত।<br>**পূর্বেঃ** হানিফের বাড়ির পিছন দিয়ে খালে খালে মাওলানা আবুল বাসার হুজুরের মাদরাসার উত্তর পাশ দিয়ে বারেকের বাড়ির কালভার্ট পর্যন্ত।<br>**পশ্চিমেঃ** নবীনপুর জয়নালের বাড়ি হয়ে কুয়াকাটা খালে খালে নুর সাইদ মৌলভীর বাড়ির পিছন দিয়ে খালে খালে আজিজ আকনের বাড়ি পর্যন্ত। |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ০৭ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৫৩৩৪-৫৪০০, ৫৪০১-৫৪২৩, ৫৪২৫, ৫৪২৭, ৫৪৩৭, ৫৪৩৯, ৫৪৭৯-৫৪৯৯ পর্যন্ত সম্পূর্ণ। | কেরানীপাড়া ও পাঞ্জুপাড়ার অংশ | **উত্তরেঃ** কুয়াকাটা পৌরভবনের উত্তরে ব্রীজ সংলগ্ন কুয়াকাটা খাল হয়ে আঃ মন্নান হাজীর বাড়ির উত্তর পাশের খাল পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** বঙ্গোপসাগর।<br>**পূর্বেঃ** আঃ মন্নান হাজীর বাড়ির পূর্ব পাশ হয়ে কাবিখার রাস্তা হয়ে হাসেন ফরাজী বাড়ির জামে মসজিদের পূর্ব পাশ দিয়ে ওয়াপদা হয়ে বঙ্গোপসাগর পর্যন্ত।<br>**পশ্চিমেঃ** কুয়াকাটা খাল হতে শুরু করে মহাসড়কের পূর্ব পাশ হয়ে রাস্তায় রাস্তায় বঙ্গোপসাগর পর্যন্ত। |
| ০৮ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৫৪২৪, ৫৪২৬, ৫৪২৮-৫৪৩৬, ৬২৬২-৬৩০০, ৬৩০১-৬৩১৫, ৬৩২৯-৬৩৫০, ৬৪৮৯ পর্যন্ত সম্পূর্ণ। | পাঞ্জুপাড়া,<br>মৌঃ মেনহাজ উদ্দিন সড়ক | **উত্তরেঃ** হাজী মন্নান হাওলাদার বাড়ির পূর্ব পাশের কুয়াকাটা খালের দক্ষিণ পাড় থেকে আরম্ভ হয়ে মোঃ নুরুল ইসলাম মুসুল্লীর বাড়ির পিছন দিয়ে হাজী চাঁদ মিয়া গাজীর বাড়ির পিছন হয়ে সোবহানের বাড়ি পর্যন্ত।<br>**দক্ষিণেঃ** কদম আলী ফকিরের বাড়ির দক্ষিণ পাশের কালভার্ট থেকে পশ্চিমে হোসেনপাড়া খালের পশ্চিম দিকে পাঞ্জুপাড়া গ্রামে মোঃ মন্নান হাওলাদারের বাড়ির পিছন হয়ে পাঞ্জুপাড়া আফজাল হাওলাদারের বাড়ির পূর্ব পাশ দিয়ে ওয়াপদা ভেড়ীবাঁধ পর্যন্ত।<br>**পূর্বেঃ** পাঞ্জুপাড়া সোবাহান খার বাড়ির পূর্ব পাশ দিয়ে কুয়াকাটা খালের পশ্চিম পাশ থেকে আরম্ভ করে আঃ হাই মুন্সি বাড়ির পিছন দিয়ে খালে খালে কদম আলী ফকিরের বাড়ি পর্যন্ত ও পাঞ্জুপাড়া ভেড়ীবাঁধের দক্ষিণ দিকে ইকো পার্কের রাস্তা দিয়ে জয়নাল হাওলাদারের বাড়ি হয়ে গাজীর বাড়ি পর্যন্ত।<br>**পশ্চিমেঃ** ৭ নং ওয়ার্ডের পূর্ব পর্যন্ত এবং বঙ্গোপসাগর। |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ০৯ | ৩৪ নং লতাচাপলী,<br>দাগ নম্বরসমূহঃ ৬৩১৬-৬৩২৮, ৬৩৫১-৬৩৮২, ৬৪০০, ৬৪০১-৬৪২৭, ৬৪৩২-৬৪৩৫, ৬৪৩৮, ৬৪৬২-৬৪৬৪, ৬৪৮৬-৬৪৮৮, ৬৪৯১-৬৪৯৩, ৬৫০৯-৬৫১৫ পর্যন্ত সম্পূর্ণ। | হোসেনপাড়া | **উত্তরেঃ** ইকো পার্কের রাস্তার শেষ থেকে আরম্ভ করে পূর্ব দিকে রিজার্ভের রাস্তার পশ্চিম সীমানা পর্যন্ত।<br><br>**দক্ষিণেঃ** পাঞ্জুপাড়া কদম আলী ফকিরের বাড়ির কালভার্ট থেকে আরম্ভ করে কাবিখার রাস্তা দিয়ে মুসুল্লিয়াবাদ গ্রামের হাতেম আলী মুসুল্লীর বাড়ির দক্ষিণের কাবিখার রাস্তা পর্যন্ত।<br><br>**পূর্বেঃ** মুসুল্লীয়াবাদ হাজী হাতেম আলী মুসুল্লী বাড়ির দক্ষিণের কাবিখার রাস্তা থেকে দক্ষিণে সিদাম পাহলানের বাড়ির পূর্ব পাশের রাস্তার পশ্চিম পাশ ও ভেড়ীবাঁধ হয়ে ফরেস্ট রিজার্ভ অফিসের সামনের রাস্তা দিয়ে বঙ্গোপসাগর পর্যন্ত।<br><br>**পশ্চিমেঃ** পাঞ্জুপাড়া গ্রামের টাইটানিক হাউজিং কোম্পানীর জমির পশ্চিম সীমানা ও নুর ইসলাম মুন্সীর বাড়ি হয়ে ইকো পার্কের রাস্তার পূর্ব পাশসহ বঙ্গোপসাগর পর্যন্ত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আসাদুজ্জামান**
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd